

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১.২২৭৩


তারিখ: ০৫ ডিসেম্বর, ২০২৪ খ্রি.

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় সুফলভোগীদের উদ্যোক্তা ঋণ বিতরণের সংস্থান রয়েছে। প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ৫.১৭ অনুচ্ছেদে উদ্যোক্তা ঋণ গ্রহণের যোগ্যতা সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকলেও বিভিন্ন উপজেলা থেকে তাঁর ব্যত্যয় ঘটিয়ে উদ্যোক্তা ঋণ প্রস্তাব সদর কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে। এমতাবস্থায় উদ্যোক্তা ঋণ প্রকল্প সদর দপ্তরে প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

১. পূর্বের গৃহিত উদ্যোক্তা ঋণ ন্যূনতম ৮০% কিস্তিতে পরিশোধ হলে প্রযোজ্য দফায় ঋণের সিলিং প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী বৃদ্ধি করা যাবে;
২. পূর্বের গৃহিত উদ্যোক্তা ঋণ ৮০% এর নীচে কিস্তিতে বা মেয়াদোত্তীর্ণ খেলাপী করে পরিশোধ করলে তাকে পুনরায় উদ্যোক্তা ঋণ প্রদান করা যাবে না;
৩. কমপক্ষে ২ বার ক্ষুদ্র ঋণ গ্রহণ করে নির্দিষ্ট সময়ের মধ্যে কিস্তিতে পরিশোধ করেছেন এমন সুফলভোগীদের নামে উদ্যোক্তা ঋণ প্রস্তাব করা যাবে, তবে সেক্ষেত্রে ১ম দফায় উদ্যোক্তা ঋণ ১.২৫ লক্ষ টাকার বেশী নির্ধারণ করা যাবে না;
৪. বিশেষ সমিতির বিশেষ আইজিএ বা গতানুগতিক আইজিএ'র বাহিরে ইনোভেটিভ আইজিএ'তে নতুন সদস্যদের সরাসরি উদ্যোক্তা ঋণ প্রদান করা যাবে;
৫. কোন মাঠ সংগঠকের বিতরণকৃত উদ্যোক্তা ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপী হলে উক্ত মাঠ সংগঠকের রকে পূর্ণরায় উদ্যোক্তা ঋণ বিতরণের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে;
৬. বর্ণিত নির্দেশনা এবং প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার সংশ্লিষ্ট নির্দেশনার ব্যত্যয় করে ঋণ বিতরণের ফলে উক্ত ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপী হলে আয়ন-ব্যয়ন কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রকল্প তথা বিআরডিবি'র স্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪
ইমেইল: iresppwad@gmail.com

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:..... (সংশ্লিষ্ট জেলা)
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৪. পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৬. অফিস নথি/গার্ড ফাইল।